আলমডাঙ্গায় যৌথবাহিনীর অভিযানে রিভলভারসহ মোটরসাইকেল আটক

আলমডাঙ্গা উপজেলা থেকে ১টি রিভলবারসহ রেজিস্ট্রেশন বিহীন মোটরসাইকেল এবং মোবাইল ফোন উদ্ধার করেছে যৌথ বাহিনী। গতকাল শুক্রবার রাতে উপজেলার কুমারী ইউনিয়নের কারিগর পাড়া এলাকা থেকে এসব উদ্ধার করা হয়।

চুয়াডাঙ্গা আর্মি ক্যাম্পের ক্যাম্প কমান্ডার লেঃ কর্ণেল মোহাঃ জয়নুল আবেদীন এক প্রেসবিজ্ঞপ্তির মাধ্যমে বিষয়টি নিশ্চিত করেন।

এতে বলা হয়, উপজেলার কুমারী ইউনিয়নের কারিগর পাড়ায় গোপন সংবাদের ভিত্তিতে বিশেষ অভিযান চালানো হয়। এসময় দুষ্কৃতিকারীরা ঘটনাস্থল থেকে পালিয়ে যায়। ঘটনাস্থলে তল্লাশি চালিয়ে একটি বিদেশি রিভলবার উদ্ধার করে। সেই সাথে একটি অনিবন্ধিত মোটরসাইকেল ও একটি মোবাইল ফোন জব্দ করা হয়।

অভিযানে কাউকে আটক করা সম্ভব হয়নি বলেও বিজ্ঞপ্তিতে জানান দায়িত্বরত ওই সেনাকর্মকর্তা। উদ্ধারকৃত মালামাল সামগ্রী আলমডাঙ্গা থানায় প্রেরণ করা হয়।